

USAID
FROM THE AMERICAN PEOPLE

READY
GLOBAL READINESS FOR
MAJOR DISEASE OUTBREAK RESPONSE

ছবি স্বত্ব: Sonali Chakma / সেভ দ্য চিলড্রেন

# আপনার স্বাস্থ্য কেন্দ্রকে শিশুদের জন্য উপযোগী করে তোলা:

## সংক্রামক রোগের প্রাদুর্ভাবকালিন স্বাস্থ্য সেবাদানকারী সংস্থার করণীয়।

Child Protection
Cox's Bazar Child Protection Sub-Sector

HEALTH SECTOR COX'S BAZAR

জুন 2023

## ভূমিকা

সংক্রামক রোগের প্রাদুর্ভাব সংবরণ, নিয়ন্ত্রণ ও উপশম করার পদক্ষেপগুলির মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে আইসোলেশন ও চিকিৎসা ইউনিট স্থাপন করা, কে কার সংস্পর্শে এসেছিল তা খুঁজে বার করা, কোয়ারান্টাইন, আইসোলেশন, প্রোফিল্যাক্সিস ও সামাজিক দূরত্ব। কিন্তু, এই জনস্বাস্থ্য পদক্ষেপগুলি বেশিরভাগ সময়েই শিশু ও তাদের পরিচর্যাকারীদের প্রয়োজনগুলির সামগ্রিক মোকাবিলা করার জন্য তৈরি, বাস্তবায়ন বা বাজেট করা হয় না।

যে সকল মানবিক পরিস্থিতিতে প্রাদুর্ভাব ঘটে, তার অনেক ক্ষেত্রেই আক্রান্ত জনসংখ্যার একটি বিশাল ভাগ হলো শিশু। ট্রিয়াজ, ভর্তি, ক্লিনিকাল যত্ন এবং ছাড়া পাওয়া, এই গোটা সময় জুড়েই তাদের শারীরিক ও মনস্তাত্ত্বিক প্রয়োজনগুলি মেটানোর কাজ চালিয়ে যেতে হবে।

**তাদের বিকশিত ক্ষমতা ও চাহিদার ভিত্তিতে নানা ধরনের শিশুদের সুরক্ষার জন্য কাজ করার জন্য স্বাস্থ্য কেন্দ্রগুলিকে প্রস্তুত থাকতে হবে**

প্রাদুর্ভাবের সময় স্বাস্থ্য কেন্দ্রগুলিকে কীভাবে এমনভাবে সাজানো সম্ভব যাতে (i) শিশুদের অনিচ্ছাকৃতভাবে কষ্ট দেওয়া এড়ানো যায়, (ii) তারা যে চাপের পরিস্থিতির মুখোমুখি হচ্ছে তা সামলাতে শিশুদের সাহায্য করা যায়, এবং (iii) শিশু সুরক্ষা সংক্রান্ত কোনো উদ্বেগ প্রকাশিত হলে বা লক্ষ্য করা গেলে তাতে সাড়া দেওয়া যায়, তা সম্বন্ধে সংক্ষিপ্ত কিছু উপদেশ ও পরামর্শ এই নথিতে দেওয়া হয়েছে।

**আপনি শিশু সুরক্ষা মামলার বিষয়ে এখানে রিপোর্ট করতে পারেন: 018 4729 2321**

## এই নির্দেশিকার বিষয় কী?

- **সংক্রামক রোগ** হলো ভাইরাল, ব্যাকটেরিয়াল, প্যারাসিটিক বা ফাঙ্গাল অসুখ যা মানুষ থেকে মানুষের মধ্যে সংক্রামিত হতে পারে।[1]
- **প্রাদুর্ভাব** হলো কোনো অসুখের সংখ্যা বেড়ে যাওয়া। বছরের কোনো নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট কোনো সম্প্রদায় এবং অবস্থানে অসুখটি ঘটার হার সাধারণের তুলনায় বেশি হওয়া।[2]
- **স্বাস্থ্য কেন্দ্র** হলো এরকম যে কোনো পরিকাঠামো বা স্থান যেখানে মেডিকেল সেবা দেওয়া হয়।[3] সেগুলি চিকিৎসা ইউনিট; আইসোলেশন কেন্দ্র; ক্লিনিক; ডাক্তারের অফিস; জন্ম কেন্দ্র; আপতকালীন, অস্থায়ী বা ভ্রাম্যমান ক্লিনিক; এবং/অথবা টিকাদান কেন্দ্র হতে পারে।
- কোনো কিছুকে **শিশু উপযোগী** করে তোলার মানে হলো সেটিকে এমনভাবে তৈরি করা ও চালানো যাতে তা শিশুদের জন্য অনুকূল ও উপযুক্ত হয়।[4] স্বাস্থ্য কেন্দ্রকে শিশু উপযোগী হয়ে ওঠার জন্য, সেখানে প্রস্তুতি, কাজ করা এবং নিস্ক্রমণ, সবকটি পর্যায়েই নানা ধরনের শিশুদের চাহিদা, ইচ্ছা, সর্বোত্তম স্বার্থ এবং নিরাপত্তার দিকে নজর দিতে হবে
- **শিশু** হলো 18 বছরের কম বয়সী যে কোনো ব্যক্তি। "শিশু'-র মধ্যে পড়ে:
  - সকল বয়সের: শিশু, বাচ্চা, স্কুলে যাওয়ার বয়সী বাচ্চা এবং কিশোর-কিশোরী;
  - ছেলে, মেয়ে এবং নানা ধরনের সেক্সুয়াল ওরিয়েন্টেশন, লিঙ্গ পরিচয়/অভিব্যক্তি এবং যৌন চরিত্র থাকা ব্যক্তিরা;
  - অক্ষমতার সাথে বসবাস করা ব্যক্তি;
  - স্থানচ্যুত;
  - সব ধরনের সামাজিক, সাংস্কৃতিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক পটভূমি থেকে আসা; এবং
  - নানা ধরনের পরিস্থিতি ও পারিবারিক কাঠামোতে বসবাস করা।[5]
- **শিশু পরিচর্যাকারী** হলো শিশু সুরক্ষাতে প্রশিক্ষণ থাকা স্বাস্থ্যকর্মী যিনি স্বাস্থ্য কেন্দ্রে তত্ত্বাবধান করতে পারবেন।[6]

[1] UN, "ইনফেকশাস ডিজিজ (সংক্রামক রোগ)," https://unterm.un.org/unterm/display/record/who/na?OriginalId=7602 [মার্চ 5, 2022-এ অ্যাকসেস করা হয়েছে]

[2] UN, "ডিজিজ আউটব্রেক (রোগের প্রাদুর্ভাব)," https://unterm.un.org/unterm/display/record/who/na?OriginalId=e63ede9f-4cbf-4627-aee0-a618ba338570 [মার্চ 6, 2022-এ অ্যাকসেস করা হয়েছে]

[3] UN থেকে নেওয়া, "হেলথ ফেসিলিটি (স্বাস্থ্য কেন্দ্র)," https://unterm.un.org/unterm/display/record/unog/na?OriginalId=02006d67ec69631d852569fd000373f4 [মার্চ 6, 2022-এ অ্যাকসেস করা হয়েছে]

[4] অক্সফোর্ড ইংলিশ ডিকশনারি থেকে নেওয়া "চাইল্ড-ফ্রেন্ডলি" (শিশুদের জন্য উপযোগী) https://www.lexico.com/definition/child-friendly [মার্চ 6, 2022-এ অ্যাকসেস করা হয়েছে]।

[5] দ্য অ্যালায়েন্স ফর চাইল্ড প্রোটেকশন ইন হিউম্যানিটেরিয়ান অ্যাকশন,(2019), "মিনিমাম স্ট্যান্ডার্ডস ফর চাইল্ড প্রোটেকশন ইন হিউম্যানিটেরিয়ান অ্যাকশন," https://alliancecpha.org/en/CPMS_home.

[6] স্বাস্থ্য কেন্দ্র কক্সবাজার, চাইল্ড প্রোটেকশন অ্যান্ড হেলথ কেয়ার ফর চিলড্রেন ইন হেলথ ফেসিলিটিস ডিউরিং কোভিড-19 PDF ডাউনলোড করতে ক্লিক করুন।

## এই নির্দেশিকা কাদের জন্য?

এই নির্দেশিকা নোট সংক্রামক রোগের প্রাদুর্ভাবের সময় কাজ করা স্বাস্থ্যসেবার অংশীদারদের জন্য, যারা তাদের স্বাস্থ্য কেন্দ্রকে শিশুদের জন্য আরো বেশি উপযোগী করে তুলতে চান। এর মধ্যে অন্তর্ভুক্ত স্বাস্থ্য কেন্দ্রের প্রশাসক, কোঅর্ডিনেটর, এবং ম্যানেজার, ডাক্তার, নার্স, সহায়ক, সহযোগী, ল্যাবরেটরি টেকনিশিয়ান, সহায়ক কর্মী এবং স্বাস্থ্য কেন্দ্রগুলিতে কাজ করা স্বেচ্ছাসেবকেরা। এর মধ্যে নিরপত্তা কর্মী, গাড়িচালক, অ্যাকাউন্টেন্ট এবং লজিস্টিকস ও প্রকিওরমেন্ট সামলানো ব্যক্তিরাও অন্তর্ভুক্ত। তাদের স্বাস্থ্য কেন্দ্রগুলিকে শিশুদের জন্য উপযোগী করে তোলা নিয়ে আরো বিস্তারিত পরামর্শ চাইলে স্বাস্থ্য কর্মীরা শিশু সুরক্ষা কর্মীদের সাথে পরামর্শ করতে পারেন।

## কখন আপনাকে এই নির্দেশিকা দেখতে হবে?

এই নির্দেশিকাটি নির্দিষ্টভাবে সংক্রামক রোগের প্রাদুর্ভাব সম্পর্কিত। প্রাদুর্ভাবের আগে এবং চলাকালীন এই নির্দেশিকা পুনঃমূল্যায়ন করা দরকারী।

## এই নির্দেশিকাতে কী আছে?

- **আপনার জায়গাটিকে শিশুদের জন্য উপযোগী করার জন্য প্রস্তুতি নেওয়া;**
- **আপনার বাস্তব স্থানটিকে গোছানো;**
- **পরিবর্তিত সাপ্লাই ও চিকিৎসা সরঞ্জাম;**
- **কর্মচারী;**
- **ব্যবস্থাপনা, তত্ত্বাবধান এবং সমণ্বয়; এবং**
- **বাজেট।**

## আপনার জায়গাটিকে শিশুদের জন্য উপযোগী করার জন্য প্রস্তুতি নেওয়া

| ☑ | কাজ |
|---|---|
| ☐ | স্থানটি দেখতে কেমন ও সেখানে কেমন অনুভব হওয়া উচিত তা নানা ধরনের শিশু ও তাদের বাবা-মা/পরিচর্যাকারীদের জিজ্ঞাসা করুন। আপনি বিবিধ শিশু ও যুব দলদের সাথেও পরামর্শ করতে পারেন। এর মধ্যে অক্ষমতা থাকা শিশুদের প্রতিনিধিত্ব করা দলও অন্তর্ভুক্ত করতে হবে। [অতিরিক্ত খরচ] |
| ☐ | সকল স্বাস্থ্য কেন্দ্রে শিশু/কিশোর-কিশোরীদের গ্রহণ করার জন্য একটি স্থান নির্ধারণ করুন। এটি একটি গোটা ঘর হওয়ার প্রয়োজন নেই; এটি কোনো বড় প্রতীক্ষালয়ের একটি কোণও হতে পারে। এই স্থানটি যেন নানা ধরনের শিশু ও তাদের নানা ধরনের পরিচর্যাকারীদের জন্য অ্যাকসেসিবল হয়। |
| ☐ | স্থানীয় শিল্পী, চিত্রকর, সম্প্রদায়ের স্বেচ্ছাসেবক বা শিশুদের বলুন আপনার স্বাস্থ্যকেন্দ্রের ভেতরের ও বাইরের দেওয়ালে ম্যুরাল করার জন্য সময় দিতে। শিল্পকর্মটি যেন ইনক্লুসিভ ও নানা ধরনের শিশুদের জন্য যথাযথ হয় তা নিশ্চিত করুন। |
| ☐ | সেই জায়গাটিতে শিশু ও বাচ্চাদের জন্য মাটিতে কার্পেট, রাগ বা বোনা বা প্লাস্টিক মাদুর পেতে দিন। |
| ☐ | শিশুদের কথা মাথায় রেখে এবং তাদের লক্ষ্য করে তৈরি করা রিস্ক কমিউনিকেশন অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট (RCCE) প্রস্তুত করুন। আপনার কেন্দ্রে এটি প্রদর্শিত করুন। [অতিরিক্ত খরচ] |

**আইকনগুলির জন্য কী**

- [অতিরিক্ত খরচ] অতিরিক্ত খরচ প্রয়োজন, যেখানে বাজেট অনুমতি দেবে সেখানে বাস্তবায়িত করুন
- [পুনরাবৃত্তি] নিয়মিত পুনরাবৃত্তি করা কার্যকলাপ

## আপনার বাস্তব স্থানটিকে গোছানো

| ☑ | কাজ | |
|---|---|---|
| ☐ | কক্সবাজারে বেশি ঘটা শিশু সুরক্ষার ঝুঁকির বিষয়গুলি নির্দেশ করে এরকম পোস্টার লাগান। এই শিশু সুরক্ষা ঝুঁকিগুলির মধ্যে অন্তর্ভুক্ত বাল্য বিবাহ, শারীরিক হিংসা, অবহেলা, শিশু শ্রম এবং যৌন হিংসা ও নির্যাতন। এই ধরনের ঝুঁকির সম্মুখীন হওয়া শিশুদের কীভাবে প্রাসঙ্গিক পরিষেবা প্রদানকারীদের কাছে পাঠাতে হবে তার বিবরণও এই পোস্টারের মধ্যে থাকবে। শিশুদের জন্য কোনো হটলাইন বা হেল্পলাইন নম্বর থাকলে তাও অন্তর্ভুক্ত করুন। | অতিরিক্ত খরচ |
| ☐ | নানা উচ্চতা ও আকারের প্রচুর নিচু চেয়ার ও টেবিল রাখুন, যা নানা বয়সের শিশুদের কাজে লাগবে। | অতিরিক্ত খরচ |
| ☐ | ছোট টয়লেট ও সিঙ্ক লাগান, যাতে ছোট বাচ্চারা সহজে হাত ধুতে পারে। একটানা চলে (অর্থাৎ, বাধা না পেয়েই) যাতে নানা ধরনের শিশুরা সবকটি ওয়াশ (হাত মুখ ধোওয়ার জায়গা) স্থানে পৌঁছতে, ঢুকতে, ঘুরে বেড়াতে এবং ব্যবহার করতে (RECU) পারে তার জন্য ওয়াশ (WASH) ফেসিলিটি লাগান।[7] | অতিরিক্ত খরচ |
| ☐ | বাচ্চাদের ন্যাপি পাল্টানো এবং/অথবা তাদের ধুয়ে পরিষ্কার করার জন্য একটি একান্ত স্থান রাখুন। | |
| ☐ | স্তন্যপান করানোর জন্য একটি আড়াল থাকা জায়গা বা আলাদা ঘরের ব্যবস্থা করুন। | |
| ☐ | দেখতে পাওয়া ও অ্যাকসেস করা যায় এরকম জায়গায় ধোওয়া যায় এরকম নানা খেলনা রাখুন। সেগুলি যেন বিভিন্ন ধরনের হয়, যাতে নানা বয়স, লিঙ্গ পরিচয়, ধর্ম (মুসলিম, হিন্দু, বৌদ্ধ) এবং সাংস্কৃতিক পটভূমি (রোহিঙ্গা, চিটাগং পাহাড়ি জাতি, বাঙালি ও আরো নানা)-র শিশুদের মনে আগ্রহ জাগাতে পারে। ছোট শিশুদের চিকিৎসা করার সময় তাদের মন ভোলানোর জন্য সফট টয় কাজে লাগতে পারে। অনেক জায়গাতেই খেলনা চিকিৎসার জিনিস কেনা সম্ভব হয়। ডাক্তারেরা যখন আসল মেডিকেল সরঞ্জাম দিয়ে বাচ্চাদের পরীক্ষা করবেন তখন শিশুরা সেই খেলনাগুলি নিয়ে খেলতে পারে। | |
| ☐ | শিশুদের ব্যবহার করার জন্য রাখা সবকটি খেলনা নিয়মিতভাবে ধুয়ে রাখুন। রোগ এবং তার সংক্রমণের ধরনের ওপর ভিত্তি করে তা প্রতিবার ব্যবহারের পর, প্রতিদিন, প্রতি সপ্তাহে বা প্রতি মাসে হতে পারে। | নিয়মিত পুনরাবৃত্তি |
| ☐ | শব্দ ও ছবি উভয় থাকা কিছু বই ও পত্রিকা রাখুন। ছোট শিশুদের ছবির বই দিয়ে ও কিশোর-কিশোরীদের তাদের পছন্দসই বই বা পত্রিকা দিয়ে আকর্ষণ করতে পারেন। যে কোনো যোগাযোগ স্থাপনের উপাদানের ক্ষেত্রে অ্যাক্সেস যোগ্য একাধিক ফরম্যাট রাখুন, ব্রেইল সহ। | অতিরিক্ত খরচ |
| ☐ | পরোক্ষভাবে সংক্রামিত রোগ ছড়িয়ে পড়া এড়ানোর জন্য বই ও পত্রিকা মাঝে মাঝে কোয়ারান্টাইনে রেখে আবার ফিরিয়ে আনতে হবে। | নিয়মিত পুনরাবৃত্তি |

## পরিবর্তিত সাপ্লাই ও চিকিৎসা সরঞ্জাম

| ☑ | কাজ | |
|---|---|---|
| ☐ | শিশুদের জন্য তৈরি করা মেডিকেল সরঞ্জাম। উদাহরণ স্বরূপ, পেডিয়াট্রিক স্টেথোস্কোপ (উজ্জ্বল রঙের ও ছোট রোগীদের জন্য তৈরি) এবং নানা রঙের প্লাস্টার/আঠা দেওয়া ব্যান্ডেজ। বরক্তচাপ মাপার গজও বাচ্চাদের আকারের ও উজ্জ্বল রঙের কেনা যেতে পারে। | অতিরিক্ত খরচ |
| ☐ | শিশু উপযোগী ডোজে ওষুধ ও টিকা, যা নানা ধরনের শিশুদের ওজনের কথা মাথায় রেখে তৈরি। | |
| ☐ | ছোট সুচের যোগান, কেননা এতে শিশুরা কম ভয় পাবে। | |
| ☐ | ছোট বাচ্চাদের তাদের সাহস এবং/অথবা ভালো আচরণের জন্য পুরষ্কার দেওয়ার জন্য ছোট ছোট জিনিস। এগুলি স্টিকার, শুকনো ফল বা ছোট মিষ্টি হতে পারে। | অতিরিক্ত খরচ |

[7] UNICEF (2017), ইনক্লুডিং চিলড্রেন উইথ ডিসেবিলিটিজ ইন হিউম্যানিটেরিয়ান অ্যাকশন : WASH, PDF ডাউনলোড করতে ক্লিক করুন।

**আইকনগুলির জন্য কী**

- অতিরিক্ত খরচ প্রয়োজন, যেখানে বাজেট অনুমতি দেবে সেখানে বাস্তবায়িত করুন
- নিয়মিত পুনরাবৃত্তি করা কার্যকলাপ

## কর্মচারী

| ☑ | কাজ | |
|---|---|---|
| ☐ | প্রতি শিফটে প্রত্যেক কেন্দ্রে একজন করে "শিশু পরিচর্যাকারী" নির্দিষ্ট করুন। এটি এমন কাউকে হতে হবে যিনি শিশুদের চাহিদাতে সাড়া দেওয়ার জন্য নির্দিষ্ট প্রশিক্ষণ পেয়েছেন এবং তার দায়িত্বে ছিলেন। সম্ভব হলে প্রতি শিফটে দুইজন শিশু পরিচর্যাকারী থাকা আদর্শ, একজন পুরুষ ও একজন মহিলা। | |
| ☐ | স্বাস্থ্য কেন্দ্রের সকল কর্মীকে এই বিষয়ে প্রশিক্ষণ দিন:<br>(i) কীভাবে শিশু সুরক্ষা উদ্বেগগুলি চিনতে হবে;<br>(ii) কীভাবে শিশু সুরক্ষা উদ্বেগগুলি রেফার করতে হবে;<br>(iii) শিশু উপযোগী যোগাযোগ পদ্ধতি/ মনস্তাত্ত্বিক ফার্স্ট-এইড; এবং<br>(iv) আচরণ বিধি এবং সুরক্ষাব্যবস্থা এবং যৌন শোষণ ও নির্যাতন থেকে সুরক্ষা (PSEA) নীতি। | $ |
| ☐ | সকল চাকরির বিবরণে আচরণবিধি, PSEA, ও সুরক্ষাব্যবস্থা নীতি মেনে চলার বিষয়টি অন্তর্ভুক্ত করুন। | |
| ☐ | শিশুদের প্রয়োজনে সাড়া দেওয়া প্রশাসনিক এবং চিকিৎসা কর্মীদের, বিশেষত প্রশিক্ষিত শিশু পরিচর্যাকারীদের আরও উজ্জ্বল রঙের পোশাক দিন। এটি মজাদার প্যাটার্ন বা ছাপা, যেমন পশু, ফুল বা রংধনু, থাকা কাপড় দিয়ে তৈরি কোট হতে পারে। বা কোটটি শুধুমাত্র উজ্জ্বল রঙের হতে পারে, যেমন হলুদ, কমলা বা সবুজ। প্রচলিত সাদা কোট ভয় তৈরি করতে পারে বা আগে হওয়া চিকিৎসার খারাপ স্মৃতির কথা মনে করাতে পারে। | $ |
| ☐ | আলাদা আলাদা কোটের জন্য খরচ করার বাজেট না থাকলে, বা আপনার জায়গায় তা পাওয়া না গেলে, সাদা কোটে লাগানোর জন্য মজাদার ব্যাজ বা পিন দিন। | |
| ☐ | এমন ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম দিন যাতে শিশুরা মেডিকেল ও প্রশাসক কর্মীদের চোখ ও মুখের অভিব্যক্তি দেখতে পায়। | $ |
| ☐ | শিশু সুরক্ষা মামলার সন্দেহের ক্ষেত্রে চটজলদি রেফার করার জন্য আপনার অঞ্চলে কে শিশু সুরক্ষা ফোকাল পয়েন্ট তা স্পষ্টভাবে জানুন। আরো বিবরণের জন্য এখানে দেখুন। | |
| ☐ | কোভিড-19 চলাকালীন কক্স বাজারে স্বাস্থ্য কেন্দ্রে শিশুদের পরিচর্যা-তে বলা নির্দেশিকার বিষয়বস্তু সম্বন্ধে সকল স্বাস্থ্য কর্মী যে সংক্ষিপ্ত আলোচনা শুনেছে তা নিশ্চিত করুন। | |

## ব্যবস্থাপনা, তত্ত্বাবধান এবং সমন্বয়

| ☑ | কাজ | |
|---|---|---|
| ☐ | আপনার স্বাস্থ্য কেন্দ্র প্রতিষ্ঠা করছেন ও সামলাচ্ছেন যে কর্মীরা, তাদের শিশু সুরক্ষা কর্মীদের সাথে শিবির সমন্বয় মিটিং-এ অংশ নিতে পাঠান। | |
| ☐ | স্বাস্থ্য কেন্দ্র ম্যানেজার ও শিশু সুরক্ষা কর্মীদের মধ্যে এমন লিঙ্ক তৈরি করুন যার ফলে পরামর্শ ও সহায়তা আদান-প্রদানের জায়গা তৈরি হয়। | |
| ☐ | স্বাস্থ্য কেন্দ্র ম্যানেজারের চাকরির বিবরণ আপডেট করুন যাতে এই দায়িত্বগুলি অন্তর্ভুক্ত করা যায়<br>(i) কর্মীদের মধ্যে শিশু-উপযোগী আচরণ তদারকি ও পর্যবেক্ষণ;<br>(ii) শিশু-উপযোগী হস্তক্ষেপ, যেরকম ওপরে বলা হয়েছে, তার বাস্তবায়ন; এবং<br>(iii) আচরণ বিধি ও সুরক্ষাব্যবহস্থা ও PSEA নীতি মেনে চলা। | $ |

**আইকনগুলির জন্য কী**

$ অতিরিক্ত খরচ প্রয়োজন, যেখানে বাজেট অনুমতি দেবে সেখানে বাস্তবায়িত করুন

↻ নিয়মিত পুনরাবৃত্তি করা কার্যকলাপ

## বাজেট

আপনার স্বাস্থ্য কেন্দ্রকে শিশুদের জন্য উপযোগী করে তোলার জন্য যে যে জিনিস আপনাকে বাজেটে রাখতে হবে তা নিচে দেওয়া হলো। এই জিনিসগুলির বাস্তব দাম হিসাব করার জন্য আপনাকে আপনার লজিস্টিকস ও প্রকিওরমেন্ট সহকর্মীদের সাথে কথা বলতে হবে।

| আইটমে | ইউনিট | ইউনিটের খরচ | মোট খরচ |
|---|---|---|---|
| ডিজাইন সম্বন্ধে তাদের মতামত জানার জন্য নানা ধরনের শিশু এবং/অথবা নানা ধরনের শিশু বা যুব দলের সঙ্গে পরামর্শ। এর মধ্যে অক্ষমতা থাকা শিশুদের প্রতিনিধিত্বও থাকতে হবে। | | | |
| রঙ, পোস্টার, পাটি বা খেলার মাদুর ও আরো নানা কিছু সহ জায়গাটি সাজানোর জিনিসপত্র। | | | |
| খেলনা এবং/অথবা খেলার অন্যান্য উপাদান। | | | |
| নিয়মিতভাবে খেলনা পরিষ্কার করার জন্য জীবাণুনাশক। | | | |
| বই বা পত্রিকা। | | | |
| শিশুদের জন্য নির্দিষ্ট করা অতিরিক্ত জায়গা ভাড়া, কেনা বা তৈরি করা। | | | |
| শিশুদের মাপের আসবাবপত্র। | | | |
| শিশুদের মাপের মেডিকেল সরঞ্জাম: সূচ, স্টেথোস্কোপ ও আরো নানা কিছু। | | | |
| ছোট ছোট পুরষ্কার। | | | |
| শিশু পরিচর্যাকারীদের জন্য উজ্জ্বল রঙের পোশাক/ইউনিফর্ম। | | | |
| শিশু পরিচর্যাকারীদের জন্য ব্যাজ। | | | |
| এমন PPE যেখানে মুখের অভিব্যক্তি দেখা যায়। | | | |
| কোভিড-19 চলাকালীন কক্স বাজারে স্বাস্থ্য কেন্দ্রে শিশুদের পরিচর্যা সম্বন্ধে সংক্ষিপ্ত আলোচনা বা প্রশিক্ষণ। | | | |



## স্বীকৃতি

READY উদ্যোগের অনুরোধে Hannah Thompson এই চেকলিস্টের খসড়া তৈরি করেছিলেন। Nidhi Kapur ও ডাঃ Ayesha Kadir প্রযুক্তিগত ইনপুট দেন। Lauren Murray লেখাটির পুনঃমূল্যায়ন করেন এবং নির্দেশিকাটি তৈরি করার তত্ত্বাবধান করেন। এর বিষয়বস্তু মূলত বাংলাদেশের কক্সবাজারে রোহিঙ্গা রেসপন্সের প্রেক্ষাপটে কোভিড-19 মহামারী মোকাবেলায় সহকর্মীদের অভিজ্ঞতার উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। আমরা স্বাস্থ্য ক্ষেত্র এবং শিশু সুরক্ষা এবং লিঙ্গ-ভিত্তিক হিংসা উপ-ক্ষেত্রের সকল সদস্যদের; এবং কক্সবাজারে স্বাস্থ্য ও শিশু সুরক্ষা কর্মীদের মধ্যে সহযোগিতা জোরদার করার প্রক্রিয়ায় জড়িত থাকার জন্য MHPSS বিশেষজ্ঞদের ধন্যবাদ জানাতে চাই । বিশেষ করে Krissie Hayes, Samrawit Assefa Melles, Taslima Begum, Ayesha Akter Monni, ডাঃ Egmond Evers, ডাঃ Francis Tabu, Patrick Halton, Melissa Bencik, এবং Parmita Sarkar-এর সমর্থন, মতামত ও দিকনির্দেশনাকে আমরা খুবই মূল্যবান মনে করি।

এই চেকলিস্টটি সম্ভব হয়েছে ইউনাইটেড স্টেটস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্টের (USAID) মাধ্যমে মার্কিন জনগণের বদান্যতায়। এর বিষয়বস্তু READY-র দায়িত্ব এবং তা USAID বা মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের দৃষ্টিভঙ্গি প্রতিফলিত করে না। সেভ দ্য চিলড্রেনের নেতৃত্বে, READY উদ্যোগটি জনস হপকিন্স সেন্টার ফর হিউম্যানিটারিয়ান হেলথ, জনস হপকিন্স সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রামস, UK-Med এবং হিউম্যানিটারিয়ান লিডারশিপ একাডেমির সাথে অংশীদারিত্বে বাস্তবায়িত করা হয়েছে। READY বড় আকারের সংক্রামক রোগের প্রাদুর্ভাব মোকাবেলায় বেসরকারী সংস্থাগুলির (NGO) বিশ্বব্যাপী সক্ষমতা বৃদ্ধি করছে। আরও তথ্যের জন্য, আমাদের ওয়েবসাইট http://www.ready-initiative.org দেখুন।

Johns Hopkins Center for Humanitarian Health | Johns Hopkins Center for Communication Programs | Save the Children | humanitarian leadership academy | UK-MED